দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 5 .. 1999
পৃষ্ঠা ... কলাম ...

48

# আজ মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা ॥

## আসন ১৪৫০ ॥ প্রার্থী ২০ হাজার

আবুল খায়ের ॥ আজ (শুক্রবার) ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে সরকারী ১৩টি মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ১৩টি মেডিক্যাল কলেজের ১৪৫০টি আসনে এই বছরের ভর্তি পরীক্ষায় ১৯ হাজার ৯০১ জন প্রার্থী অংশগ্রহ[illegible] গত বছরের তুলনায় [illegible] কিছুটা কম। গ[illegible] এমবিবিএ[illegible] করিয়াছিল [illegible] পর্যন্ত একই [illegible] ১৪৫০টি আ[illegible] ... সন্তানদের জন্য ৩০টি এবং পার্বত্য জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানের প্রার্থীদের জন্য ১২টি (প্রত্যেক জেলায় ৩ জন উপজাতীয় ও ১ জন অ-উপজাতীয়), বৃহত্তর সিলেট জেলার উপজাতীয় প্রার্থীদের জন্য ২টি ও (২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

### ভর্তি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের জন্য ২টিসহ মোট ১৬টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকিবে। মুক্তিযোদ্ধা সন্তান ও উপজাতীয় প্রার্থীরা ভর্তি পরীক্ষায় মেধানুযায়ী ভর্তির সুযোগ না পাইলে তাহাদের জন্য নির্ধারিত সংরক্ষিত আসনে মেধার ভিত্তিতে ভর্তি করা হইবে। ১৪৫০টি আসনের মধ্যে ৬০ ভাগ অর্থাৎ ৮৭০টি আসন জাতীয় মেধা ভিত্তিতে এবং বাকী ৪০ ভাগ অর্থাৎ ৫৮০টি আসন ৬৪টি জেলার জনসংখ্যাভিত্তিতে কোটা অনুযায়ী মেধাভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হইবে। শুধু উপজাতীয় ছাত্র-ছাত্রীদের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় সর্বমোট ন্যূনতম ১২০০ নম্বর (অতিরিক্ত বিষয় প্রাপ্ত নম্বর বাদে) পাইলে এমবিবিএস ভর্তি পরীক্ষায় আবেদন করিতে পারিবে। অন্য ছাত্র-ছাত্রীদের এসএসসি ও এইচএসসি অথবা আলীম বা সমমানের পরীক্ষায় সর্বমোট ন্যূনতম ১৩০০ নম্বর (অতিরিক্ত বিষয় প্রাপ্ত নম্বর বাদে) পাইলে উক্ত ভর্তি পরীক্ষায় আবেদন করিতে পারিবে বলিয়া কর্তৃপক্ষ উল্লেখ করিয়াছেন। এই বছর ভর্তি পরীক্ষায় ঢাকা মেডিক্যাল কলেজে ৫৭২২ জন, সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে ৩৭০৫ জন, চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ১৭৯৯ জন, ময়মনসিংহ মেডিক্যাল কলেজে ১৭৪৪ জন, রাজশাহী মেডিক্যাল কলেজে ১৭২৭ জন, সিলেট ওসমানী মেডিক্যাল কলেজে ৫২৩ জন, রংপুর মেডিক্যাল কলেজে ১০৩৮ জন, বরিশাল মেডিক্যাল কলেজে ৫০০ জন, খুলনা মেডিক্যাল কলেজে ৯৪৮ জন, ফরিদপুর মেডিক্যাল কলেজে ৩৪৫ জন, দিনাজপুর মেডিক্যাল কলেজে ২৮৭ জন, বগুড়া মেডিক্যাল কলেজে ৬৩৩ জন ও কুমিল্লা মেডিক্যাল কলেজে ৯৩০ জন ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষার জন্য আবেদন করিয়াছে। শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাভিত্তিতে নির্বাচিত করা হইবে। ১৩টি মেডিক্যাল কলেজের মধ্যে পুরাতন ৮টি অর্থাৎ ঢাকা, সলিমুল্লাহ, চট্টগ্রাম, ময়মনসিংহ, রাজশাহী, সিলেট, রংপুর ও বরিশাল মেডিক্যাল কলেজে ১৫০টি করিয়া মোট ১২০০টি আসন এবং নূতন ৫টি খুলনা, ফরিদপুর, দিনাজপুর, বগুড়া ও কুমিল্লা মেডিক্যাল কলেজে ৫০টি করিয়া মোট ২৫০টি আসন। পুরাতন ৮টিসহ ১৩টি মেডিক্যাল কলেজে সর্বমোট ১৪৫০টি আসন রহিয়াছে। গত বছরের তুলনায় এই বছর প্রার্থী সংখ্যা কম সম্পর্কে স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ কিছু বলিতে পারেন নাই।